

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩/০৭/২০১৮

বিষয়ঃ রংপুর বিভাগে সাময়িক বিদ্যুৎ বিভ্রাটে বিদ্যুৎ বিভাগের ব্যাখ্যা।

বড়পুকুরিয়া কয়লা খনিতে উৎপাদন এলাকার পরিবর্তনের (ফেইস ট্রান্সফার) ফলে কয়লা খনন বন্ধ থাকার পরিপ্রেক্ষিতে বড়পুকুরিয়া কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন সাময়িকভাবে স্থগিত রয়েছে। এই পরিস্থিতি মোকাবেলার জন্য অন্যান্য বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন বৃদ্ধি করে আসন্ন সংকট মোকাবেলা করার উদ্যোগ নেয়া হয়েছে। তথাপি বড় পুকুরিয়া বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন না থাকায় রংপুর বিভাগে ভোল্টেজ সমস্যার কারণে বিদ্যুৎ সরবরাহ ব্যহত হতে পারে। এই অসুবিধা মোকাবেলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সর্বাত্মক প্রচেষ্টা চালানো হচ্ছে। এই বিদ্যুৎ বিভ্রাটের জন্য বিদ্যুৎ বিভাগ আন্তরিকভাবে দুঃখিত। সাময়িক এই অসুবিধার জন্য সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। শীঘ্রই এই সমস্যার সমাধান হয়ে যাবে বলে আশা করা হচ্ছে।

(মীর মোহাম্মদ আসলাম উদ্দিন)
প্রতিমন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ফোন-০১৭১৩-০০৩৮৪৪